গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : আগষ্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৭আগষ্ট, ২০২৩খ্রি.।
সভার সময় : বিকাল ৩.১৫ ঘটিকা
সভার স্থান : সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : জুলাই,২০২৩

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি ১: **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি ২: **ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ের রাজস্ব প্রশাসনের উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/সংস্কার সংক্রান্ত**

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২৩-২০২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস এর সম্ভাব্য ব্যয়সহ তালিকা প্রেরণের জন্য সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রামকে পত্র দেয়া হয়.সে প্রেক্ষিতে সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রাম এর নিকট হতে নিম্নোক্তভাবে চাহিদাসহ তালিকা পাওয়া গেছে।

তালিকা:

| ক্রমিক | উপজেলা | মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস/পৌর ভূমি অফিস | সম্ভাব্য চাহিদা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কুড়িগ্রাম সদর | ইউনিয়ন ভূমি অফিস,পাঁচগাছি ,কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম সীমানা প্রাচীর নির্মাণ | ৩,৫০,০০০/- |
| ২ | | ইউনিয়ন ভূমি অফিস,মোগলবাসা ,কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম মেরামত | ২,৫০,০০০/- |
| ৩ | নাগেশ্বরী | ইউনিয়ন ভূমি অফিস,রায়গঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম, সীমানা প্রাচীর নির্মাণ | ৬,৫০,০০০/- |
| ৪ | | ইউনিয়ন ভূমি অফিস,রামখানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম সীমানা প্রাচীর নির্মাণ | ৭,৫০,০০০/- |
| ৫ | | ইউনিয়ন ভূমি অফিস, কালীগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম সীমানা প্রাচীর নির্মাণ | ৬,৫০,০০০/- |
| ৬ | | ইউনিয়ন ভূমি অফিস, মাদারগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মেরামত | ৫,৫০,০০০/- |
| ৭ | ভূরুঙ্গামারী | উপজেলা ভূমি অফিস,ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মেরামত | ৩,০০,০০০/- |
| ৮ | | ইউনিয়ন ভূমি অফিস,ভূরুঙ্গামারী সদর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মেরামত/সংস্কার | ২,৫০,০০০/- |
| ৯ | | ইউনিয়ন ভূমি অফিস,পাইকেরছড়া, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মেরামত/সংস্কার | ২,০০,০০০/- |
| ১০ | | ইউনিয়ন ভূমি অফিস, সোনাহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মেরামত/সংস্কার | ২,৫০,০০০/- |
| ১১ | ফুলবাড়ী | উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম রেকর্ডরুম সংস্কার | ২,৫০,০০০/- |
| ১২ | | ইউনিয়ন ভূমি অফিস, নাওডাঙ্গা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সীমানা প্রাচীর নির্মাণ | ৩,৫০,০০০/- |
| ১৩ | রাজারহাট | ইউনিয়ন ভূমি অফিস, রাজারহাট সদর, রাজারহাট, কুড়িগ্রাম মেরামত/সংস্কার | ৫,০০,০০০/- |
| ১৪ | | ইউনিয়ন ভূমি অফিস, নাজিমখান, রাজারহাট, কুড়িগ্রাম মেরামত/সংস্কার | ৫,০০,০০০/- |

চলমান-২

| ক্রমিক | উপজেলা | মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস/পৌর ভূমি অফিস | সম্ভাব্য চাহিদা |
|---|---|---|---|
| ১৫ | উলিপুর | উপজেলা ভূমি অফিস,উলিপুর, কুড়িগ্রাম রেকর্ডরুম মেরামত | ৬,৫০,০০০/- |
| ১৬ | | ইউনিয়ন ভূমি অফিস, গুনাইগাছ, উলিপুর, কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ৩,০০,০০০/- |
| ১৭ | | ইউনিয়ন ভূমি অফিস, বজরা, উলিপুর, কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ৩,৩০,০০০/- |
| ১৮ | | ইউনিয়ন ভূমি অফিস,তবকপুর , উলিপুর, কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ১,০০,০০০/- |
| ১৯ | | ইউনিয়ন ভূমি অফিস,দূর্গাপুর, উলিপুর , কুড়িগ্রাম সীমানা প্রাচীর | ১৮,০০,০০০/- |
| ২০ | | ইউনিয়ন ভূমি অফিস,বুড়াবুড়ি, উলিপুর, কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ২,৫০,০০০/- |
| ২১ | চিলমারী | উপজেলা ভূমি অফিস,চিলমারী, কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ৩,০০,০০০/- |
| ২২ | | ইউনিয়ন ভূমি অফিস, রমনা, চিলমারী ,ম কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ১২,০০,০০০/- |
| ২৩ | রৌমারী | উপজেলা ভূমি অফিস, রৌমারী, কুড়িগ্রাম মেরামত/ সংস্কার | ২,০০,০০০/- |
| ২৪ | | ইউনিয়ন ভূমি অফিস, শৌলমারী,রৌমারী, কুড়িগ্রাম রেকর্ডরুম | ২,০০,০০০/- |
| ২৫ | | ইউনিয়ন ভূমি অফিস, যাদুরচর, রৌমারী, কুড়িগ্রাম | ৫০,০০০/- |
| ২৬ | চর রাজিবপুর | উপজেলা ভূমি অফিস, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ৭,০০,০০০/- |
| ২৭ | | ইউনিয়ন ভূমি অফিস , রাজিবপুর সদর, চর রাজিবপুর , কুড়িগ্রাম | ৪,০০,০০০/- |
| ২৮ | | ইউনিয়ন ভূমি অফিস , মোহনগঞ্জ, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ৪,০০,০০০/- |
| | | সর্বমোট= | ১,২৬,৮০,০০০/- |

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামের নিকট হতে প্রাপ্ত উল্লিখিত চাহিদার ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থবছরে এ জেলার ৬ (ছয়) টি উপজেলা ভূমি অফিস এবং ২২ (বাইশ) টিইউনিয়ন ভূমি অফিস মোট ২৮ (আটাশ) টি ভূমি অফিস ভবন মেরামত ও সংস্কারের জন্য প্রস্তাব এ কার্যালয়ের স্মারক নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২. ১৮.১০৮২, তারিখ:২০ আগষ্ট ২০২৩ মোতাবেক ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম জানান সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখঃ ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় নির্মিতব্য উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

২০২২-২৩ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দ দ্বারা সমাপ্ত উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস এর মেরামত/সংস্কার কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম, রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়। আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
|---|---|
| ১। প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়,ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১।অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রাম।<br>৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার(ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| ২। ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের জন্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক মেরামত/সংস্কার কাজের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১।অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবান্ধব করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
“সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প” এর
আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮.১২২৮(২৬) তারিখ : ২৮ ভাদ্র,১৪৩০ / ১৩ সেপ্টেম্বর,২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম।
৬। উপজেলা নির্বাহী অফিসার,................................,(সকল), কুড়িগ্রাম।
৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
৮। সহকারী কমিশনার (ভূমি),,...............................,(সকল)কুড়িগ্রাম।
৯। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি ।

জেলা প্রশাসক
কুড়িগ্রাম